# কেবল ক্ষমতা বা আসনের জন্য কোনও সমঝোতা নয়: নাহিদ ইসলাম




সংগৃহীত ছবি

ক্ষমতা বা আসন ভাগাভাগির রাজনীতিতে যাবে না জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)—এমন কঠোর অবস্থান তুলে ধরে দলের আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, "শুধু ক্ষমতা বা আসনের জন্য কারও সঙ্গে সমঝোতা নয়; আলোচনা হবে কেবল আদর্শিক মিলের ভিত্তিতে।" তিনি জানান, এনসিপি এককভাবে দেশের সবকটি ৩০০ আসনেই প্রার্থী দেওয়ার প্রস্তুতি নিচ্ছে।

রোববার (২৩ নভেম্বর) রাজধানীর শাহবাগের সাঈদ কনভেনশন সেন্টারে এক সংবাদ সম্মেলনে নাহিদ ইসলাম বলেন, অনেক দেশপ্রেমিক ও তরুণ এবার সংসদে আসবেন বলে আশা করা হচ্ছে। তবে এখনো সুষ্ঠু নির্বাচনের পরিবেশ তৈরি হয়নি। প্রশাসন নিরপেক্ষ আচরণ না করে একটি দলের হয়ে কাজ করছে বলেও অভিযোগ করেন তিনি। জুলাই চেতনা ধারণ করে সরকারকে সুন্দর ও নিরপেক্ষ নির্বাচন আয়োজনের আহ্বান জানান তিনি।

LENS ASIA

এ সময় অন্যান্য নেতারাও নির্বাচন ঘিরে বিভিন্ন অভিযোগ করেন। মুখ্য সমন্বয়ক নাসিরুদ্দীন পাটওয়ারী বলেন, দলীয় প্রতীক 'শাপলা কলি' হলেও নির্বাচন কমিশন এখনও প্রতীকের ডিজাইন দেয়নি, ফলে প্রচারণা বাধাগ্রস্ত হচ্ছে। সুষ্ঠু নির্বাচন ব্যাহত হলে অন্তর্বর্তী সরকারকে জবাবদিহির মুখোমুখি হতে হবে বলেও সতর্ক করেন তিনি।

উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সার্জিস আলম বলেন, আসন্ন নির্বাচন শুধু মার্কা বা ঐতিহ্যবাহী দলেই সীমাবদ্ধ থাকবে না; এনসিপি প্রতিটি ওয়ার্ডে কমিটি গঠনের কাজ এগিয়ে নিচ্ছে।

সিনিয়র যুগ্ম সদস্য সচিব ডা. তাসনিম জারা বলেন, এনসিপি জবাবদিহির রাজনীতি প্রতিষ্ঠা করতে চায়। পারিবারিক রাজনীতির ধারা থেকে বের হয়ে নতুন রাজনৈতিক সংস্কৃতি শুরু করেছে দলটি। যেকোনো নাগরিক মনোনয়ন সংগ্রহ করতে পারছেন—এমনও অনেকে এসেছেন যারা আগে রাজনীতিতে আসার কথা ভাবেননি। রোববার ও সোমবার মনোনয়নপ্রত্যাশীদের সাক্ষাৎকার নেওয়া হবে বলে তিনি জানান।